গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
গবেষণা ও প্রকাশনা শাখা
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫
www.napd.gov.bd

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০২.০০২.১৯.৫০

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

বিষয়: **জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ক "Project Planning and Management (PPM) 9th Batch" শীর্ষক সান্ধ্যকালীন অনলাইন ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে (সন্ধ্যা ০৭:০০ - রাত ০৯:০০) কর্মকর্তা মনোনয়ন প্রসংগে।**

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্মকর্তাদের প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে কর্মদক্ষতা বৃদ্ধির জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণ কোর্স আয়োজন করে থাকে। বর্তমানে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন লক্ষ্যমাত্রা **Vision 2021 এবং Vision 2041** বাস্তবায়নের লক্ষ্যে দেশ আজ উন্নয়নের মহাসড়কে ধাবমান। এ লক্ষ্য পূরণের অন্যতম অনুষঙ্গ হলো কার্যকর প্রকল্প ব্যবস্থাপনা। বর্তমানে সরকারি সিদ্ধান্ত মোতাবেক ইকোনমিক ক্যাডার প্রশাসন ক্যাডারের সাথে একীভূত হওয়ায় প্রশাসনের সকল কর্মকর্তাকেই প্রকল্প ব্যবস্থাপনার দায়িত্ব পালন করতে হবে। এ জন্য প্রয়োজন প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে সঠিক ও সুষ্ঠু জ্ঞান ও দক্ষতা। বর্তমানে প্রকল্পের সংখ্যা অধিকহারে বৃদ্ধি পাচ্ছে কিন্তু প্রকল্পের জ্ঞানসমৃদ্ধ দক্ষ কর্মকর্তার সংখ্যা বাড়ছে না। ফলে প্রকল্প যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় না। বর্তমানে এমন কোন অফিস বা কর্মকর্তা নেই যিনি কোন না কোনভাবে প্রকল্পের সাথে জড়িত নন, কিন্তু ডিপিপি প্রণয়ন ও প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কে অনেকের কোন ধারনাই নেই। এ লক্ষ্য পূরণের উদ্দেশ্যে এবং বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতিতি বিবেচনা করে **প্রকল্প ব্যবস্থাপনায়** জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি **সান্ধ্যকালীন অনলাইন ভিত্তিক** একটি কার্যকর প্রশিক্ষণ কোর্স শুরু করেছে। এরই ধারাবাহিকতায় "Project Planning and Management (PPM)" শীর্ষক (৩৫ কর্মদিবস মেয়াদী) প্রশিক্ষণ কোর্সটি zoom software ব্যবহারের মাধ্যমে অনলাইনে আগামী ১২ সেপ্টেম্বর, ২০২১ হতে ০১ ডিসেম্বর, ২০২১ মেয়াদে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে উল্লেখ্য যে, কোর্সটি ২৫ জুলাই, ২০২১ হতে ১২ অক্টোবর, ২০২১ এনএপিডি ক্যাম্পাসে অনুষ্ঠিত হওয়ার তারিখ নির্ধারিত ছিলো কিন্তু, অনিবার্য কারণবশত: কোর্সটি আয়োজন করা সম্ভব হয়নি। ইতোমধ্যে যারা মনোনয়নপত্র প্রেরণ করেছেন তাদের পুনঃরায় মনোনয়ন পত্র প্রেরণের প্রয়োজন নাই। কোর্সটি zoom software ব্যবহারের মাধ্যমে অনলাইনে অনুষ্ঠিত হওয়ার কারণঃ

(ক) প্রশিক্ষণ, কর্মশালা, সভা ও সেমিনার অনলাইনে সম্পন্ন করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা রয়েছে।
নির্দেশনাটি হলো: সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে।

(খ) একাডেমি ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরে zoom software ব্যবহার করে অনেকগুলো কোর্স সফলভাবে বাস্তবায়ন করেছে। এতে প্রশিক্ষণার্থীবৃন্দ যথেষ্ঠ উপকৃত হয়েছেন।

(গ) কোর্সটিতে সন্ধ্যা ৭:০০ টা থেকে ০৯:০০ টা পর্যন্ত ক্লাস চলবে। কাজেই, এতে কোন কর্মকর্তার দাপ্তরিক কার্য সম্পাদনে ব্যাঘাত সৃষ্টি হবে না । কোর্সের সিডিউল ও অন্যান্য তথ্য নিম্নরূপ:

| শুরু | ক্লাসের বিবরণ | সমাপ্তি | মন্তব্য |
|---|---|---|---|
| ১২ সেপ্টেম্বর, ২০২১<br>(রবিবার) | সপ্তাহে ০৩ (তিন) দিন ক্লাশ<br>(রবি, মঙ্গল ও বুধবার)<br>ক্লাস, সন্ধ্যা ০৭:০০ - ০৯:০০ ঘটিকা<br>সপ্তাহে আলোচ্য টপিক: ০৬ টি<br>প্রতিদিন ০২ টি ক্লাশ<br>মোট ক্লাস ৭০ টি | ০১ ডিসেম্বর, ২০২১<br>(বুধবার) | ৩৫ কর্মদিবস<br>কোর্সটি ০৪ (চার) টি মডিউলে বিভক্ত |

| | | | |
|---|---|---|---|
| (1) | Course Objectives | : | • To acquaint the participants with the conceptual framework of planning with reference to Bangladesh<br>• To familiarize them with existing procedures, practices, rules and Methodology of project planning and management<br>• To increase the technical competence of the trainees in project formulation, appraisal, implementation, monitoring and evaluation |
| (2) | Designed for | : | Officers of grade-9 and above and other officers working in development projects, class-1 officers of the Government, semi-govt. autonomous bodies and Non-government organization. |
| (3) | Course Fee | : | Tk. 26,000/-(Tk. Twenty six thousand only) excluding (VAT & IT) net payable in cash or by crossed cheque in favour of "**Director General, National Academy for Planning and Development, Dhaka**" at the time of registration. |
| (4) | Course Contents | : | **Module 1: Planning, Formulation and Financing of Projects**<br>1. Annual Development Program<br>2. Budgetary framework with MTBF<br>3. Project cycle<br>4. Project design with logical framework<br>5. Explanation of DPP, TPP formats and exercise<br>6. Gender responsive planning and budgeting<br>7. Mainstreaming climate change in development planning<br>8. Project Financing : concept and techniques<br>9. Sources of project financing<br>10. Domestic resource mobilization<br>11. Foreign aid and its use<br>12. Public Private Partnership (PPP)<br><br>**Module 2: Project Appraisal**<br>1. Project Appraisal: objectives and scope<br>2. Demand forecasting and cash flow of project<br>3. Discounting technique<br>4. Financial appraisal with NPV, B/C ratio & IRR calculation<br>5. Economic appraisal<br>6. Technical appraisal<br>7. Service sector project appraisal/ RRA<br>8. Participatory rural appraisal<br>9. EIA of development projects<br>10. Project sensitivity and risk analysis<br>11. Approval procedure of development projects |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | **Module 3: Project Implementation**<br><br>1. Explanation of DPP and TPP<br>2. Exercise on DPP and TPP<br>3. Role of a project manager/ project directors<br>4. Managing project team / team building and leadership<br>5. Implementation plan of a project<br>6. Total quality management<br>7. Project risk management<br>8. Procurement management: PPA-2006, PPR-2008<br>9. Procurement plan & e-GP<br>10. MS Project for managing project<br>11. Management Information System (MIS)<br><br>**Module 4: Project Monitoring and Evaluation**<br>1. Different concepts of monitoring and evaluation<br>2. Earned value management<br>3. Role of IMED in project monitoring and evaluation<br>4. Explanation and exercise of IMED formats<br>5. IMED forms (PMIS): online submission<br>6. Result based management<br>7. Sustainability of development projects<br>8. Project Completion Report (PCR) | |

| | | | |
|---|---|---|---|
| (৫) | পাঠ্যক্রমের মেয়াদ ও সময় | : | ১২ সেপ্টেম্বর – ০১ ডিসেম্বর, ২০২১ ( ৩৫ কর্ম দিবস)\|<br>সন্ধ্যাঃ ০৭:০০ – রাত ০৯:০০ মি: (সপ্তাহে ৩ দিন, রবিবার, মঙ্গলবার, বুধবার)। |
| (৬) | প্রশিক্ষণার্থীর সংখ্যা | : | ৩০ জন। |
| (৭) | মনোনয়ন পাঠানোর শেষ তারিখ | : | **০৫ সেপ্টেম্বর, ২০২১** |
| (৮) | মনোনয়ন প্রক্রিয়া | : | এনএপিডি'র মহাপরিচালক কিংবা নিম্নস্বাক্ষরকারীর বরাবর সরাসরি মনোনয়ন প্রেরণ করা যাবে। |

(৯) **কোর্সটির বৈশিষ্ট্য:**

1. কোভিড ১৯ এর কারণে কোর্সটি অনলাইনে হবে।
2. এনএপিডি একমাত্র জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে প্রকল্প প্রণয়ন ও প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ দিয়ে থাকে।
3. কোর্সটি অনলাইনে পরিচালিত হবে বিধায় কোর্সটিতে সিনিয়র-জুনিয়র সকল কর্মকর্তা অংশগ্রহণ করতে পারবেন।
4. বছরে প্রত্যেক কর্মকর্তাকে ৫০(পঞ্চাশ) ঘন্টা প্রশিক্ষণের বাধ্যবাধকতা রয়েছে বিধায় এই প্রশিক্ষণ তা পূরণ করবে।
5. প্রত্যেক কর্মকর্তার জন্য প্রশিক্ষণ ফি মাত্র ২৬,০০০.০০ (ছাব্বিশ হাজার ) টাকা এবং এর মধ্য থেকে প্রত্যেক প্রশিক্ষণার্থী কর্মকর্তা ১২০০/- (এক হাজার দুইশত) টাকা ইন্টারনেট খরচ হিসেবে পাবেন।
6. প্রত্যেক কর্মকর্তা ছোট ছোট গ্রুপে ডিপিপি তৈরি করে তা উপস্থাপন করার সুযোগ পাবেন । এর ফলে প্রত্যেকে ভবিষ্যতে ডিপিপি প্রণয়ন করতে সক্ষম হবেন, এটি একটি বড় সাফল্য।
7. এতে প্রত্যেক কর্মকর্তা প্রকিউরমেন্টের বিষয়েও সম্যক জ্ঞান অর্জন করতে পারবেন।

( ১০) **এমতাবস্থায়, প্রকল্প জ্ঞানসমৃদ্ধ দক্ষ কর্মকর্তা সৃষ্টির লক্ষ্যে উক্ত প্রশিক্ষণ কোর্সে আপনার মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা থেকে এক বা একাধিক আগ্রহী কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।** কোর্স সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদির জন্য নিম্নস্বাক্ষরকারী অথবা কোর্স সমন্বয়ক জনাব তাহমিদুর রহমান (মোবাইল: ০১৫৫২-৪৬৮৮৫৬, ই-মেইল: tahmid.qa@gmail.com) এর সাথে সকল কর্মদিবসে অফিস সময়ে যোগাযোগ করা যেতে পারে। প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত হলে এনএপিডি এনএপিডির ওয়েবসাইটের প্রশিক্ষণের আওতায় আসন্ন কোর্সসমূহ হতে "Project Planning and Management (PPM) 9th Batchকোর্সে ক্লিক করে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে **Submit** করা যাবে। উল্লেখ্য যে মনোনীত কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগের সুবিধার্থে মনোনয়নপত্রে কর্মকর্তাদের মনোনয়ন নিম্নোক্ত ছক অনুযায়ী প্রেরণ করার জন্য অনুরোধ করা হল:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কর্মস্থলের ঠিকানা | ফোন নম্বর | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|---|---|

মনোনয়ন গ্রহণ সম্পর্কে এনএপিডি হতে আর কোন নিশ্চয়তাপত্র দেয়া হবে না। আপনার মনোনয়নই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৭-৭-২০২১
ড. মোঃ নুরুজ্জামান
পরিচালক

বিতরণ :

১) সিনিয়র সচিব/সচিব (সকল)
২) রেক্টর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা
৩) বিভাগীয় কমিশনার, ঢাকা/খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম
৪) জেলা প্রশাসক,
চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ঝিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/ঝালকাঠি/নাটোর/রাঙ্গামাটি/ক
৫) উপপরিচালক,
যশোর/সিলেট/বগুড়া/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী/রংপুর/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ/বরগুনা/বরিশাল/ঝালকাঠি/পটুয়াখালী/পিরোজপু
৬) জেলা মৎস্য কর্মকর্তা,
ঝিনাইদহ/বরিশাল/সুনামগঞ্জ/যশোর/সিলেট/খুলনা/রাজশাহী/কুমিল্লা/সাতক্ষীরা/বান্দরবান/নড়াইল/নওগাঁ/মুন্সিগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/মেহেরপুর/গাইবান্ধা/ঝালকাঠি/নাটোর/পিরোজপুর/লালমনিরহাট/বরগুনা/নেত্রকোণা/জামাল
৭) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল জেলা)
৮) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল জেলা)
৯) জেলা কমান্ড্যান্ট, জেলা আনসার ও ভিডিপি (সকল জেলা)
১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল জেলা)
১১) জেলা নির্বাচন কর্মকর্তা (সকল জেলা)
১২) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (সকল জেলা)

১৩) জেলা তথ্য অফিসার (সকল জেলা)
১৪) উপ-পরিচালক, বিআরডিবি (সকল জেলা)
১৫) সহকারী পরিচালক,
বরগুনা/সাতক্ষীরা/বান্দরবান/ঢাকা/রংপুর/মৌলভীবাজার/সিরাজগঞ্জ/চুয়াডাঙ্গা/গোপালগঞ্জ/বগুড়া/খুলনা/যশোর/কুষ্টিয়া/টাঙ্গাইল/ময়মনসিংহ।/জামালপুর/রাজশাহী/ঝিনাইদহ/কিশোরগঞ্জ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/নোয়াখালী/চাঁদপুর/
১৬) উপপরিচালক,
যশোর/সিলেট/বগুড়া/জয়পুরহাট/নওগাঁ/নাটোর/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/দিনাজপুর/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী/রংপুর/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ/বরগুনা/বরিশাল/ঝালকাঠি/পটুয়াখালী/পিরোজপু
১৭) জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা)
১৮) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সাতক্ষীরা
১৯) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
২০) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২১) অতিরিক্ত সচিব, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
২২) ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

**দৃষ্টি আকর্ষণঃ** সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৬.০২.০০২.১৯.৫০/১(৪২)

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৮
২৭ জুলাই ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) কর্মকর্তা (সকল), এনএপিডি।
২) মহাপরিচালকের স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৪) প্রশিক্ষণ কর্মকর্তা , প্রশিক্ষণ সেল, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৬) নিম্নমান সহকারী-তথা কম্পিউটার মুদ্রাক্ষরিক, গবেষণা ও প্রকাশনা অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৭) কম্পিউটার অপারেটর, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৮) ডাটা এন্ট্রি অপারেটর, প্রশিক্ষণ অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
৯) প্রশিক্ষণ সহকারী, প্রশিক্ষণ সেল, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

২৭-৭-২০২১
তাহমিদুর রহমান
গবেষণা কর্মকর্তা-২